

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ০৮

**বিভাগীয় বৃক্ষমেলার উদ্বোধনী অনুষ্ঠানে গণপূর্ত প্রতিমন্ত্রী
প্রতিটি বাঙালির কাছ থেকে একটি করে চারাগাছ উপহার চেয়েছিলেন বঙ্গবন্ধু**

ময়মনসিংহ (০৩ আগস্ট, ২০২৩ খ্রি.):

গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপি বলেছেন, স্বাধীন বাংলাদেশের প্রথম বছরেই বঙ্গবন্ধুর নির্দেশনায় সারা দেশে বৃক্ষরোপণকে ছড়িয়ে দিতে সরকারিভাবে উদ্যোগ নেওয়া হয়। ঘোষণা দিয়ে প্রতিটি বাঙালির কাছ থেকে একটি করে চারাগাছ উপহার চান বঙ্গবন্ধু। এমনই তথ্য পাওয়া যায়, ১৯৭২ সালের জুন মাসে তৎকালীন তথ্য ও বেতার মন্ত্রণালয় থেকে প্রকাশিত একটি পুস্তিকায়। প্রকাশনাটিতে বলা হয়, গাছের সংখ্যা বৃদ্ধি করা আমাদের কর্তব্য।

দুই সপ্তাহব্যাপী ময়মনসিংহ বিভাগীয় বৃক্ষমেলা ২০২৩ উদ্বোধন উপলক্ষ্যে বৃহস্পতিবার (০৩ আগস্ট) ময়মনসিংহ টাউন হল চত্বরে জেলা প্রশাসন ও বন বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানের আলোচনা সভায় প্রতিমন্ত্রী প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

প্রধান অতিথি বলেন, বঙ্গবন্ধু ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে ১৬ জুলাই ১৯৭২ সালে নারিকেল গাছ লাগানোর মধ্য দিয়েই স্বাধীন বাংলাদেশের প্রথম বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন। এ নিয়ে পরের দিন ১৭ জুলাই সমকালীন প্রায় সব সংবাদপত্রেই ছবিসহ সংবাদ প্রকাশিত হয়। সোহরাওয়ার্দী উদ্যানে গাছ লাগিয়ে বক্তৃতায় বঙ্গবন্ধু অনাবাদি জমি, স্কুল, কলেজ, অফিস, আদালতসহ সমস্ত খালি জায়গাতে বৃক্ষরোপণ করার জন্য দেশের ছাত্র, জনতা, সরকারি কর্মচারীসহ আপামর জনগণের প্রতি আহ্বান জানান।

প্রতিমন্ত্রী আরও বলেন, বর্তমানে বৃক্ষরোপণ দেশের আপামর জনসাধারণের মাঝে একটি সামাজিক আন্দোলন হিসেবে স্থান করে নিয়েছে। এখন প্রতিবছর গাছ লাগানোর মৌসুমে বাংলাদেশের গ্রাম-গঞ্জে দেখা যায় মানুষ বাজার থেকে আর দশটি পণ্যের সাথে কয়েকটি গাছের চারাও হাতে নিয়ে বাড়ি ফিরছে। আসুন আমরা এ দেশকে সবুজে সবুজে ভরে তুলি। প্রত্যেকে অন্তত একটি করে বনজ, ফলজ ও ঔষধি চারা রোপণ করি। সবুজ অর্থনীতি নির্ভর ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে এগিয়ে যাই।

‘গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি’ প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছর বৃক্ষরোপণ অভিযানের সূচনা। বৃক্ষসম্পদ বৃদ্ধি ও পরিবেশ উন্নয়নের জন্য সমাজের সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করে প্রতিবছর বাংলাদেশে বৃক্ষরোপণ অভিযান পালন করা হয়। প্রতিবছরের ন্যায় এ বছরও ময়মনসিংহে ১৫ দিন ব্যাপী বিভাগীয় বৃক্ষমেলা, ২০২৩ অনুষ্ঠিত হচ্ছে।

এই লক্ষ্যে সকাল ১০ টায় জেলা প্রশাসকের কার্যালয় হতে নগরীর টাউন হল প্রাঙ্গণ পর্যন্ত এক বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটির নেতৃত্ব দেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপি। এসময় বর্ণাঢ্য র্যালিতে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালামা তানজিয়া, বন বিভাগ, সিটি কর্পোরেশনসহ বিভাগীয় ও জেলা প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর বৃক্ষরোপন কার্যক্রম অনুষ্ঠিত হয়।

বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংসদ বীর মুক্তিযোদ্ধা নাজিম উদ্দিন আহমেদ এমপি, সিটি কর্পোরেশন মেয়র মোঃ ইকরামুল হক টিটু, ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য, জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞা, পরিবেশ অধিদপ্তরের বিভাগীয় পরিচালক দিলরুবা আহমেদসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ।

আলোচনা অনুষ্ঠান শেষে সামাজিক বনায়নের সাথে সম্পৃক্ত উপকারভোগীদের মাঝে লভ্যাংশের চেক বিতরণ করা হয়।

#

মনির/রিদওয়ান/দেওয়ান/হদা/রেজভি/সজিব/২০২৩/২০.০০ ঘণ্টা